71

দৈনিক সংবাদ

তারিখ ... 02 APR 1994 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৪ ...

# লালমনিরহাট থেকে গণশিক্ষা কার্যক্রম শুরু

লালমনিরহাট, ১লা এপ্রিল (নিজস্ব সংবাদদাতার ফোন)।– চলতি চুরানব্বই সালের মধ্যে লালমনিরহাট জেলাকে নিরক্ষরমুক্ত করার লক্ষ্যে পহেলা এপ্রিল থেকে জেলার সর্বত্র ব্যাপকভাবে গণশিক্ষা কার্যক্রম শুরু হচ্ছে। এই কার্যক্রমের আওতায় সদরথানাসহ জেলার ৫টি থানার ৪৫টি ব্লকে প্রায় ৮শ' গণশিক্ষা কেন্দ্র চালুর পাশাপাশি ৮ দিনব্যাপী প্রায় ৮০ জন কেন্দ্রীয় শিক্ষকের প্রশিক্ষণ একযোগে শুরু হবে।

উল্লেখ্য, লালমনিরহাট জেলা প্রশাসক কাজী ফরিদ আহমদের নেতৃত্বে জেলার ২ লাখ ৬৮ হাজার নিরক্ষর লোককে '৯৪ সালের মধ্যে সাক্ষরতাসম্পন্ন করে জেলার একশ' ভাগ লোককে শিক্ষিত করে তুলে দেশের একটি আদর্শ জেলা হিসেবে প্রতিষ্ঠিত করার আন্দোলন শুরু হয়েছে। এ কর্মসূচীর অংশ হিসেবে ইতিমধ্যে এ জেলার প্রায় ৩০ হাজার নিরক্ষর লোককে সাক্ষরতা দান করা হয়েছে।